THE LEGAL AID SOCIETY
Justice in Every Borough.

# স্টিমুলাস মানির তৃতীয় দফা: রিকভারি রিবেটগুলি শুরু হচ্ছে মার্চ 2021

**দাবি অস্বীকার: দ্যা লিগাল এইড সোসাইটি এই উপদেশকটি তৈরি করেছে। এই উপদেশকটি কোনও আইনী পরামর্শ নয়, এবং কোনও অভিবাসন, কর এবং/অথবা সুবিধা বিশেষজ্ঞের পরামর্শের বিকল্প নয়। এখানে থাকা তথ্যগুলি এই নথির নিচে দেওয়া সংস্করণের তারিখ অনুযায়ী বর্তমানের, এবং এটি পরিবর্তিত হতে পারে।**

## 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট কী?

2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট হ'ল প্রায় $1.9 ট্রিলিয়ন ডলারের ফেডারেল বিল, যা প্রেসিডেন্ট বিডেন 11'ই মার্চ, 2021'এ স্বাক্ষর করে আইনে রূপান্তরিত করেছিলেন। এতে কোভিড-19 অতিমারীতে সাড়া দেওয়ার জন্য বিভিন্ন বিধান রয়েছে, যার অন্তর্গত হ'ল:

- রিকভারি রিবেটসের মাধ্যমে ব্যক্তিদের জন্য অর্থ,
- বর্ধিত বেকার বীমার সুবিধা, এবং
- নির্দিষ্ট কিছু ফেডারেল ট্যাক্স ক্রেডিটের পরিবর্তন।

বিঃদ্রঃ: একটি ইকোনমিক ইমপ্যাক্ট পেমেন্ট (ইআইপি) হ'ল রিকভারি রিবেট ক্রেডিট (আরআরসি)'এর একটি অগ্রিম অর্থ প্রদান। এর ফলে, আপনার 2020 সালের ট্যাক্স রিটার্নে আপনি দেখতে পাবেন যে ইআইপি'কে আরআরসি হিসাবে উল্লেখ করা হয়েছে।

## রিকভারি রিবেট কী?

অন্যান্য বিষয়গুলির মধ্যে আমেরিকান রেসকিউ প্ল্যানে একটি রিকভারি রিবেট থাকে, যা হ'ল কোভিড-19 অতিমারী চলাকালীন সময়ে ফেডারেল সরকারের পক্ষ থেকে অর্থ প্রদানের তৃতীয় দফা। এটি পান সেই ব্যক্তিরা যাদের আয় $80,000'এর কম; বিবাহিত দম্পতিরা যাদের আয় $160,000'এর কম; এবং কর প্রদানকারী পরিবারগুলির প্রধানরা যাদের আয় $120,000'এর কম। পরিমাণগুলি 2020 সালের করের বছর থেকে হয়, এবং এগুলি আপনার করের উপরে সমন্বয় করা মোট আয়ের ভিত্তিতে করা হয়ে থাকে। ইতিমধ্যে যদি আপনি এই বছরে 2020 সালের কর জমা না করে থাকেন তাহলে ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিস (আইআরএস) আপনার 2019 সালের কর রিটার্নের পরিমাণ ব্যবহার করবে।

## রিকভারি রিবেট কতটা?

প্রতি যোগ্য ব্যক্তির জন্য রিকভারি রিবেট হ'ল সর্বাধিক $1,400, এবং প্রতি যোগ্য নির্ভরশীল ব্যক্তির জন্য তা হল সর্বাধিক $1,400।

## রিকভারি রিবেটের জন্য কে যোগ্য (এবং কে নয়)?

কেয়ারস অ্যাক্ট (যা 2020 সালের মার্চ মাস থেকে শুরু হওয়া অর্থ প্রদানের প্রথম দফা) এবং 2021 সালের কনসলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্টের (যা 2020 সালের ডিসেম্বর মাস থেকে শুরু হওয়া অর্থ প্রদানের দ্বিতীয় দফা) অধীনে গত বছরের স্টিমুলাস পেমেন্টের কিছু পরিবর্তন হয়েছে। বর্তমান রিকভারি রিবেটের যোগ্যতা অর্জনের জন্য, আপনাকে অবশ্যই বর্তমানে কর্মসংস্থানের জন্য বৈধ একটি সোশাল সিকিউরিটি নাম্বার (এসএসএন) সহ একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তি হতে হবে, এবং আপনাকে অন্য কারও করের উপর নির্ভরশীল হিসাবে দাবি করা যাবে না।

আপনার যদি শুধুমাত্র একটি ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নাম্বার (আইটিআইএন) থাকে, তাহলে আপনি **অযোগ্য** হবেন, যদি না আপনার স্বামী/স্ত্রীর একটি এসএসএন থাকে, এবং যখন আপনি ট্যাক্স রিটার্ন দাখিল

করেছিলেন যা আপনাকে রিকভারি রিবেটের জন্য যোগ্য করে, সেই কর বছরের যে কোনও সময়ে তিনি ইউ.এস. সশস্ত্র বাহিনীর একজন সদস্য থেকে থাকেন।

যদি আপনার একটি এসএসএন থাকে, এবং যদি আপনার সন্তানের একটি এসএসএন অথবা অ্যাডপশন ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নাম্বার (এটিআইএন) থাকে, তাহলে সে **যোগ্য** হবে।

যদি আপনার একটি এসএসএন থাকে এবং আপনি একটি মিশ্র অভিবাসন স্থিতি পরিবারের সদস্য হন, তাহলে পরিবারের সদস্যদের যাদের কাছে এসএসএন অথবা এটিআইএন আছে তারা রিকভারি রিবেট প্রাপ্তির জন্য **যোগ্য** হবেন, এবং পরিবারের অন্য সদস্যরা, যাদের আইটিআইএন আছে অথবা কোনও নম্বর নেই তারা **অযোগ্য** হবেন। (ব্যতিক্রম: যদি আপনার একটি এসএসএন থাকে, এবং আপনি যে বছরের জন্য ট্যাক্স রিটার্ন দাখিল করেছিলেন যা আপনাকে একটি রিকভারি রিবেটের জন্য যোগ্য করে, সেই বছরের যে কোনও সময়ে যদি আপনি কোনও ইউ.এস. সশস্ত্র বাহিনীর সদস্য থেকে থাকেন, তাহলে আপনার স্বামী/স্ত্রীর আইটিআইএন থাকলে তিনি **যোগ্য** হবেন।)

### আমাকে কী করতে হবে?

কিছু না করেই আপনি স্বাভাবিক ভাবেই রিকভারি রিবেট পাবেন, যদি আপনি:

- 2020 সালের জন্য ট্যাক্স রিটার্ন দাখিল করে থাকেন,
- 2019 সালের জন্য ট্যাক্স রিটার্ন দাখিল করে থাকেন,
- নভেম্বর 22, 2020'র আগেই 2020 সালের স্টিমুলাস পেমেন্টের নন-ফাইলার টুল ব্যবহার করে থাকেন,
- সোশাল সিকিউরিটি বেনিফিটগুলি পেয়ে থাকেন (অবসর, অক্ষমতা এবং জীবিত থাকা সহ),
- সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকামের (এসএসআই) সুবিধাগুলি পেয়ে থাকেন,
- রেলরোড রিটায়ার্মেন্টের সুবিধাগুলি পেয়ে থাকেন, অথবা
- সশস্ত্র বাহিনীর একজন প্রাক্তন সদস্য, অথবা তাদের সুবিধাভোগী যারা ভিএ কম্পেনসেশন অথবা পেনশনের (সিএন্ডপি) সুবিধা পান।

বিঃদ্রঃ: আপনার ট্যাক্স রিটার্ন একবার দাখিল করা হয়ে গেলে উপরে আলোচিত যোগ্যতা বিষয়ক বৈশিষ্ট্যগুলি অর্জন করলে আপনি স্বাভাবিক ভাবেই রিকভারি রিবেটের জন্য যোগ্য হবেন। আইআরএস দ্বারা প্রক্রিয়াকরণ করা সরলিকৃত ট্যাক্স রিটার্ন জমা দেওয়া প্রত্যেক ব্যক্তির জন্য অর্থ প্রদানও স্বয়ংক্রিয় ভাবে হয়।

### আমি কীভাবে আবেদন করব?

যদি উপরে বর্ণিত সুবিধাগুলির কোনওটি আপনার না থাকে, কম আয় অথবা কোনও আয় না থাকার কারণে 2019'এ আপনি ট্যাক্স দাখিল না করে থাকেন, এবং নভেম্বর 22, 2020'র আগে আপনি IRS.gov'এ নন-ফাইলারস টুলে রেজিস্ট্রেশন না করে থাকেন, তাহলে আপনি এখন স্বয়ংক্রিয় ভাবে কোন অর্থ পাবেন না। এর পরিবর্তে, আপনাকে এখনই 2020 ফেডারেল আয়কর রিটার্ন অবশ্যই দাখিল করতে হবে, এবং আপনার রিটার্নে লাইন 30'এ রিকভারি রিবেট দাবি করতে হবে।

### যদি আমার সন্তান থাকে তাহলে কী হবে?

যে কোনও সন্তানের (বয়স নির্বিশেষে) জন্য, যাকে আপনার 2020 ট্যাক্স রিটার্নের উপর নির্ভরশীল একজন হিসাবে তালিকাভুক্ত করা হয়েছিল (অথবা আপনার 2019 ট্যাক্স রিটার্নে, যদি আপনি এখনও 2020 ট্যাক্স রিটার্ন দাখিল না করে থাকেন) আপনি অতিরিক্ত $1,400 রিকভারি রিবেটের যোগ্য হতে পারেন। সন্তানটিকে অন্য কারুর ট্যাক্সে নির্ভরশীল হিসাবে দাবি করা যাবে না, এবং তার হয় একটি এসএসএন অথবা একটি এটিআইএন থাকতে হবে।

### এবং যদি আমার কলেজে পড়ুয়া সন্তানরা থাকে?

আপনার যদি কলেজে পড়ুয়া সন্তান থাকে এবং আপনি তাদের আপনার উপরে নির্ভরশীল হিসাবে দাবি করেন, তাহলে তারাও রিকভারি রিবেটের জন্য যোগ্য হবে। অর্থ আপনার কাছে আসবে, সন্তানদের কাছে নয়।

সাম্প্রতিক স্নাতকরা, যারা নির্ভরশীল হিসাবে যোগ্য নয়, তারা নিজেদের ট্যাক্স রিটার্নে রিকভারি রিবেট দাবি করার যোগ্য হতে পারে।

**এবং যদি আমার 2021 সালে জন্মগ্রহণ করা একটি সন্তান থাকে, তাহলে কী হবে?**
আপনি যদি আয়ের সীমাবদ্ধতাগুলি পূরণ করেন, তাহলে 2021 সালের যে কোনও সময়ে জন্মগ্রহণ করা সন্তানের জন্য আপনি একটি রিকভারি রিবেট পাবেন।

**যদি আমি যদি কোনও প্রাপ্তবয়স্ককে নির্ভরশীল হিসাবে দাবি করি, তাহলে কী হবে?**
যদি নির্ভরশীল হিসাবে দাবি করা হয়, তাহলে এই প্রাপ্তবয়স্ক আত্মীয়রাও রিকভারি রিবেটের জন্য যোগ্য হবেন। প্রদত্ত অর্থ আপনার কাছে আসবে, নির্ভরশীল প্রাপ্তবয়স্কের কাছে নয়।

**যদি আমার 2020 সালের আয়ের উপরে ভিত্তি করে আমি নতুন ভাবে রিকভারি রিবেটের জন্য যোগ্য হই, কিন্তু আমি 2020 সালের রিটার্ন দাখিল না করে থাকি, তাহলে কী হবে?**
যত শীঘ্র সম্ভব 2020 সালের ট্যাক্স দাখিল করুন, এবং রিকভারি রিবেট ক্রেডিট দাবি করুন। আইআরএস ওয়েবসাইট অনুযায়ী, প্রকৃতপক্ষে আপনি শুধুমাত্র বর্তমান অর্থ প্রাপ্তির জন্যই নয়, গত বছরের দুটি প্রাপ্তির জন্যও যোগ্য হতে পারেন।

**আমি কত পাব?**
আপনার রিকভারি রিবেটের পরিমান নির্ভর করবে আপনার পরিবারের সদস্য সংখ্যার উপরে এবং 2020 সালের ট্যাক্সের রিটার্নে (অথবা, যদি আপনি এখনও 2020 সালের রিটার্ন দাখিল না করে থাকেন, তাহলে আপনার 2019 সালের রিটার্নে) আপনি আয় কত দেখাবেন তার উপরে। যে নিঃসন্তান একলা ব্যক্তির আয় $75,000 অথবা তার কম, অথবা $112,500 অথবা তার কম কর দাখিলকারী পরিবারের প্রধান, এবং $150,000 অথবা তার কম উপার্যকারী যোগ্য বিবাহিত দম্পতির প্রত্যেকে $1,400'এর পুরো পরিমাণটাই পাবেন। তবে একলা একজন ব্যক্তির আয় বৃদ্ধি পেয়ে $80,000 হলে, একটি পরিবারের প্রধানের আয় বৃদ্ধি পেয়ে $120,000 হলে, এবং বিবাহিত দম্পতিদের আয় বৃদ্ধি পেয়ে $160,000 হলে রিকভারি রিবেটের পরিমাণ আয় বৃদ্ধির সাথে সাথে কমতে থাকবে।

**আমি কখন রিকভারি রিবেট পাব?**
ইতিমধ্যেই সরাসরি ভাবে আমানতের অর্থ প্রদান শুরু হয়ে গিয়েছে। আগের সময়সূচির উপর ভিত্তি করে, কাগজের চেকগুলি মার্চ 22, 2021'এ মেইল করা শুরু হবে, এবং ইকনোমিক ইম্প্যাক্ট পেমেন্টের (ইআইপি) কার্ডগুলি মার্চ 29, 2021-এ মেইল করা শুরু হবে। আগের মতোই আপনার প্রাপ্য অর্থের স্থিতি জানার জন্য আপনি আই.আর.এস.'এর গেট মাই পেমেন্ট টুল ব্যবহার করতে পারবেন।

**যদি আমি আমার 2020 সালের রিকভারি রিবেট না পেয়ে থাকি তবে কী হবে?**
যদি আপনি মার্চ 2020 (প্রথম দফার স্টিমুলাস পেমেন্ট) থেকে অথবা ডিসেম্বর 2020 (দ্বিতীয় দফার স্টিমুলাস পেমেন্ট) থেকে রিকভারি রিবেটের জন্য যোগ্য হন কিন্তু তা না পেয়ে থাকেন, তাহলে 2020 সালের ট্যাক্সের রিটার্ন দাখিল করার সময় রিকভারি রিবেট ক্রেডিট দাবি করে আপনি তা পাওয়ার চেষ্টা করতে পারেন। আপনি আপনার আইআরএস ফর্ম 1040 অথবা 1040-এসআর'এর 30 নং লাইনটিতে আপনার দাবি করতে পারেন।

**আমি ইতিমধ্যে আমার রিকভারি রিবেট পেয়ে গিয়েছি কিন্তু তাতে আমার সন্তানদের জন্য অতিরিক্ত অর্থ অন্তর্ভুক্ত করা হয়নি। আমাকে কী করতে হবে?**
যদি আপনি এই বছরে রিকভারি রিবেটের সাথে প্রত্যেক সন্তানের জন্য অতিরিক্ত $1,400 না পেয়ে থাকেন, তাহলে তা পাওয়ার জন্য 2021 সালে আপনাকে আপনার 2020 সালের ট্যাক্স রিটার্ন দাখিল করতে হতে পারে।

**যদি আমার স্বামী/স্ত্রীর সাথে আমি যৌথ ভাবে কর জমা দেই, কিন্তু আমাদের মধ্যে মাত্র একজনের একটি সোশাল সিকিউরিটি নাম্বার থাকে এবং অন্য জনের থাকে একটি আইটিআইএন, তাহলে কী হবে?**
এটা এখন আর কোনও সমস্যাই নয়। স্বামী/স্ত্রীর মধ্যে যার একটি এসএসএন আছে, তিনি রিকভারি রিবেট পেতে পারবেন, এবং অন্যজন পাবেন না।

> **ব্যাতিক্রম:** যে স্বামী/স্ত্রীর এসএসএন নাম্বার আছে এবং যখন আপনি ট্যাক্স রিটার্ন দাখিল করেছিলেন, যার ফলে আপনি রিকভারি রিবেট পাওয়ার জন্য যোগ্য হয়েছিলেন, সেই কর বছরের যে কোনও সময়ে স্বামী/স্ত্রী যদি ইউ.এস. সশস্ত্র বাহিনীর একজন সদস্য থেকে থাকেন, তাহলে স্বামী/স্ত্রীর মধ্যে যার একটি আইটিআইএন আছে তিনিও রিকভারি রিবেট পাবেন।

**আমাকে কি রিকভারি রিবেট ফেরত দিতে হবে?**
না। রিকভারি রিবেট হ'ল একটি আগাম ট্যাক্স ক্রেডিট যা ভবিষ্যতের কোনও কিছু থেকে আসে না। যখন আপনি এটি যথাযথভাবে পাবেন, তখন আপনাকে তা ফেরত দিতে হবে না। এটি অন্য কিছু থেকে বাদ দেওয়া হয় না। এটি কোনও ঋণ নয়; এটি হ'ল একটি ট্যাক্স ফেরত দেওয়া।

**রিকভারি রিবেট কি অভিবাসনের বিষয়ে আমার ক্ষতি করবে, অথবা আমাকে একটি পাবলিক চার্জ বানাবে?**
না। রিকভারি রিবেটকে অভিবাসনের বিষয়ে পাবলিক চার্জ হিসাবে গণ্য করা হয় না। যখন আপনি এটি যথাযথ ভাবে পাবেন, তখন অভিবাসনে এর কোনো নেতিবাচক প্রভাব পরবে না।

**রিকভারি রিবেট কি কোনও সরকারী সুবিধা পাওয়ার বিষয়ে আমাকে অযোগ্য করবে অথবা যোগ্যতা কমিয়ে দেবে?**
না। রিকভারি রিবেট হ'ল এক ধরণের এককালীন কর ফেরতের ব্যবস্থা। আমরা বিশ্বাস করি যে এটি পাবলিক অ্যাসিস্ট্যান্স, মেডিকেড, এসএনএপি (ফুড স্ট্যাম্পস), এসএসআই, ধারা ৪, এবং এনওয়াইসিএইচএ সহ সরকারী সুবিধা থেকে আয় হিসাবে গণ্য করা হবে না।

এসএসআইয়ের জন্য, এই অর্থ 12 মাসের জন্য $2,000 (স্বতন্ত্র ব্যক্তিদের জন্য) অথবা $3,000 (দম্পতিদের জন্য) সংস্থানের সীমার সাথে গণ্য করা হয় না। আমরা বিশ্বাস করি যে পাবলিক অ্যাসিস্ট্যান্সের জন্য এটি যে মাসে পাওয়া যায় তার পরে 2 মাসের জন্য $2,000 (যদি বয়স 60+ হয়, তাহলে $3,000) সংস্থানের সীমার সাথে গণ্য করা হয় না।

**রিকভারি রিবেটগুলি কি সংগ্রহের সাথে সম্পর্কিত?**
যদিও রিকভারি রিবেটগুলি সংগ্রহ থেকে সুরক্ষিত থাকে এবং শিশুদের সহায়তা সহ কোনও ফেডারেল অথবা রাষ্ট্রীয় ঋণ শোধ করার জন্য ব্যবহৃত হয় না, সেগুলি বর্তমানে ব্যক্তিগত ঋণ পরিশোধের জন্য গ্যারানিশমেন্ট থেকে সুরক্ষিত নয়।

**যদি আমি রিকভারি রিবেটের জন্য অযোগ্য হই কিন্তু তবুও ঘটনাক্রমে আমি একটি পেয়ে যাই, তাহলে কী হবে?**
আয়ের পরিমাণ বেশি থাকা সত্ত্বেও যদি আপনি যদি একটি রিকভারি রিবেট পেয়ে যান, তাহলে আমরা বিশ্বাস করি আইআরএস আপনাকে এটি ফেরত দিতে বাধ্য করবে না। গত বছরের রিকভারি রিবেটের ক্ষেত্রে এটি সত্যি ছিল, এবং বর্তমান রিকভারি রিবেটগুলির ক্ষেত্রেও আমরা একই প্রত্যাশা রাখি।

তবে, যদি আপনি আপনার অভিবাসন স্থিতির কারণে অযোগ্য হন, কিন্তু ঘটনাক্রমে যদি আপনি রিকভারি রিবেট পেয়েও যান, আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি যে অভিবাসনে কোনও প্রকারের নেতিবাচক পরিণতির সম্ভাবনা এড়াতে আপনি সেটা আইআরএস'এ ফেরত দিন।

গত বছরে জারি করা রিকভারি রিবেটের বিষয়ে আইআরএস প্রথমে দাবি করেছিল যে কারারুদ্ধ ব্যক্তিরা রিকভারি রিবেটের জন্য যোগ্য নয়, এবং বলেছিল যে কারারুদ্ধ কোনও ব্যক্তিকে দেওয়া অর্থ আইআরএস'এ ফিরিয়ে দিতে হবে। মামলা হওয়ার কারণে এটা এখন আর কোনও বিষয় নয়। যে ব্যক্তিরা 2020 সালের 2 মার্চ থেকে যে কোনও সময় থেকে বর্তমান সময় পর্যন্ত কারারুদ্ধ ছিলেন, কিন্তু গত বছরের পরিশোধের জন্য যোগ্যতার মানদণ্ড পূরণ করে তারা এই সুবিধাটি পেতে পারেন। বর্তমান রিকভারি রিবেটগুলির ক্ষেত্রেও এটাই প্রযোজ্য।

মৃত ব্যক্তি, অথবা একটি ভূসম্পত্তি অথবা অছি অযোগ্য থেকে যাবে। আইআরএস বলে যে রিবেট পাওয়ার আগে মারা যাওয়া কোনও ব্যক্তিকে প্রদত্ত একটি রিবেট আইআরএস'এ ফেরত দিতে হবে।

## আনএমপ্লয়মেন্ট ইনশ্যুরেন্স'এর ক্ষতিপূরণ সুবিধার বর্ধিতকরণ

রেগুলার আনএমপ্লয়মেন্ট ইনশ্যুরেন্স (ইউআই) ক্ষতিপূরণের সুবিধাগুলি অতিরিক্ত 25 সপ্তাহের জন্য বৃদ্ধি করা হল, এবং প্রতি সপ্তাহে অতিরিক্ত $300 বৃদ্ধি করা হবে। এতে প্যান্ডেমিক আনএমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স (পিইউএ) অন্তর্ভুক্ত রয়েছে, যাতে গিগ অর্থনীতি কর্মী এবং স্বাধীন ঠিকাদারের কর্মীদের মতো প্রথাগতভাবে অযোগ্য কর্মীদের ইউআই সুবিধাগুলির আওতায় আনা হয়েছে।

প্যান্ডেমিক এমার্জেন্সি আনএমপ্লয়মেন্ট কম্পেন্সেশন (পিইইউসি), যা প্রথমে মার্চ 14, 2021'এ সমাপ্ত হওয়ার কথা ছিল, সেটাও সম্মিলিত ভাবে সর্বোচ্চ 79 সপ্তাহের জন্য বর্ধিত করা হবে। মার্চ 14, 2021 তারিখে যারা স্ট্যান্ডার্ড 26-সপ্তাহের অধিক সময় ধরে সুবিধাগুলি পাচ্ছেন, তারা সেপ্টেম্বর 6, 2021 পর্যন্ত তা পাবেন, যদি না তারা তাদের সর্বোচ্চ সংখ্যার সুবিধার সপ্তাহে পৌঁছে গিয়ে থাকেন।

যে রাজ্যগুলি সুবিধার জন্য তাদের অপেক্ষার সপ্তাহ মুকুব করেছে তাদের জন্য যুক্তরাষ্ট্রীয় তহবিল দেওয়া হবে। কম ইউআই বেস অর্থ প্রদানে একটি সামঞ্জস্য আনার জন্য মিক্সড আর্নার আনএমপ্লয়মেন্ট কম্পেন্সেশন'এর অংশ হিসাবে যে কর্মীদের স্ব-কর্মসংস্থান আয় কমপক্ষে $5,000, তারা প্রতি সপ্তাহে অতিরিক্ত $100 সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

যদিও বেকারত্বের সুবিধাগুলি করযোগ্য, তবুও নতুন আইনে যাদের আয় $150,000'এর কম, তাদের জন্য প্রথম $10,200 বেনিফিটকে করমুক্ত করা হয়েছে। এটি শুধুমাত্র 2020 সালের ক্ষেত্রে প্রযোজ্য।

## চাইল্ড ট্যাক্স ক্রেডিট এবং আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট

দ্যা চাইল্ড ট্যাক্স ক্রেডিট (সিটিসি) এবং দ্যা আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (ইআইটিসি) (যাকে আর্নড ইনকাম ক্রেডিট [ইআইসি] ও বলা হয়), তা 2020 কর বছরের জন্য পূর্ববর্তী বছরগুলির থেকে আলাদাভাবে গণনা করা হবে। প্রতিটি ক্রেডিটের ক্ষেত্রে, সম্পূর্ণ ক্রেডিটের যোগ্যতা অর্জনের জন্য পরিবারের আকারের উপরে নির্ভর করে আপনার অবশ্যই একটি নির্দিষ্ট পরিমাণ উপার্জিত আয় থাকতে হবে। অবশ্য অনেক মানুষ যারা সাধারণ ভাবে যোগ্যতা অর্জন করতে পারতেন, অতিমারী চলাকালীন সময়ে তারা তাদের চাকরি হারিয়েছেন, অথবা কম সময় কাজ করার জন্য কম আয় করেছেন। কারণ 2020'এ কম উপার্জনের মানে হতে পারে যে আপনি হয়তো এই ক্রেডিটের জন্য যোগ্য হতে পারলেন না, তাই নতুন রিকভারি রিবেট আইনে এমন একটি বিধান অন্তর্ভুক্ত রয়েছে যা আপনাকে 2019 সালের উপার্জনকে 2020'এর ট্যাক্স বছরের জন্য আপনার সিটিসি এবং ইআইটিসি হিসাব করার অনুমোদন দেয়। আশা করা যায় যে এটি আপনাকে এই ক্রেডিটগুলির জন্য যোগ্যতা অর্জনে সহায়তা করবে।

এছাড়াও, সিটিসি, যার মূল্য সাধারণ ভাবে প্রত্যেক যোগ্য সন্তানের জন্য $2,000 পর্যন্ত থাকে, তা প্রতি সন্তানের জন্য $3,000 (5 বছর বা তার চেয়ে কম বয়সের জন্য $3,600) অবধি বৃদ্ধি পেয়েছে এবং সন্তানদের যোগ্যতার বয়সসীমা 16 থেকে বেড়ে 17 হয়েছে।

আপনার 2021 ট্যাক্সে অগ্রিম হিসাবে আপনি কিছুটা ক্রেডিট পেতে পারেন। (আপনি চাইলে অগ্রিম অর্থ প্রদানের বিকল্প থেকে বেড়িয়ে আসতেও পারেন।) আইনত এই ক্রেডিট সম্পূর্ণ ফেরতযোগ্য, যার অর্থ আপনার ট্যাক্সের বিল শূন্য হলেও ট্যাক্স রিফান্ড হিসাবে আপনি এর থেকে অর্থ পেতে পারেন। এই অর্থের অর্ধেক পরিমাণ আগামী ছয় মাস ব্যাপী আপনাকে অগ্রীম দেওয়া যেতে পারে (আপনার 2020'র ট্যাক্সের তথ্যের উপরে ভিত্তি করে, অথবা 2019'এর ট্যাক্সের তথ্যের উপরে ভিত্তি করে যদি আপনি এখনও 2020'র ট্যাক্স রিটার্ন দাখিল না করে থাকেন)।

বিঃদ্রঃ: এটি পরিষ্কার নয় যে কত ঘন ঘন অর্থ প্রদান করা হবে।

**শিশু এবং নির্ভরশীলদের তত্ত্বাবধানের ক্রেডিট**

দ্যা চাইল্ড অ্যান্ড ডিপেন্ডেন্ট কেয়ার ক্রেডিট, যা শ্রমজীবী পরিবারগুলিকে 13 বছরের কম বয়সী অপ্রাপ্তবয়স্কদের এবং অন্যান্য নির্ভরশীলদের তত্ত্বাবধানের খরচ মেটাতে সহায়তা করে, 2020'র কর-বছরের জন্য তা উল্লেখযোগ্যভাবে প্রসারিত হবে। শুধুমাত্র এই বছরের জন্য, দুই অথবা ততোধিক যোগ্য ব্যক্তিদের জন্য সর্বাধিক $2,100 মূল্যের এই ক্রেডিটের মূল্য এখন একজন যোগ্য ব্যক্তির জন্য $4,000 অথবা দুই বা ততোধিক ব্যক্তির জন্য $8,000।

আইনটি আয়ের স্তরেও উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করেছে, যেখান থেকে ঋণ হ্রাস হওয়া শুরু হয়। বিগত বছরগুলিতে, ঋণ হ্রাস শুরু হত $15,000'এর একটি সমন্বিত মোট আয় থেকে, কিন্তু এই বছর $125,000 থেকে হ্রাস হওয়া শুরু হবে।

এছাড়াও রিকভারি রিবেটের তৃতীয় দফায় ক্রেডিটকে পুরোপুরি ফেরতযোগ্য করে তোলে, যাতে আপনার ট্যাক্সের বিল শূন্য হলেও আপনি ফেরত হিসাবে অর্থ পেতে পারেন।